আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (২১ তম ব্যাচ) ও ৫টি আর্মি মেডিক্যাল কলেজসমূহে (৫ম ব্যাচ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তি

বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত সরকারি প্রতিষ্ঠান, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (**AFMC**) এর দুইটি ক্যাটাগরী, এএমসি (আর্মি মেডিক্যাল কোর) ক্যাডেট ও এএফএমসি ক্যাডেট এবং বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বেসরকারি ০৫ (পাঁচ) টি আর্মি মেডিক্যাল কলেজসমূহে অভিন্ন প্রক্রিয়ায় ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। কলেজসমূহের বিস্তারিত তথ্য www.afmc.edu.bd ওয়েব সাইটে প্রকাশিত প্রসপেক্টাসে দেওয়া আছে।

ভর্তি পরীক্ষার আবেদন অন-লাইনে গ্রহণ শুরুর তারিখ ও সময় ঃ ০৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ ১০০০ ঘটিকা।

ভর্তি পরীক্ষার আবেদন অন-লাইনে গ্রহণ শেষের তারিখ ও সময় ঃ ২১ সেপ্টেম্বর ২০১৮ তারিখ ১৪০০ ঘটিকা।

আবেদনপত্র ফি ঃ ১,০০০/- (এক হাজার টাকা) অফেরতযোগ্য।

লিখিত ভর্তি পরীক্ষা ঃ ১২ অক্টোবর ২০১৮ তারিখ শুক্রবার বিকাল ১৫৩০ ঘটিকায়।

কলেজসমূহে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

ক। **শিক্ষাগত যোগ্যতাঃ**

(১) **এএফএমসি-এর এএমসি ক্যাডেট ক্যাটাগরীঃ** এসএসসি/সমমান পরীক্ষা ২০১৫/২০১৬ এবং এইচএসসি/সমমান পরীক্ষা ২০১৭/২০১৮ সনে বিজ্ঞান বিভাগে পাশ করা ছাত্র/ছাত্রীদেরকে মোট জিপিএ ১০.০০ প্রাপ্ত হতে হবে।

(২) **এএফএমসি-এর এএফএমসি ক্যাডেট ক্যাটাগরী ও অন্যান্য ৫টি আর্মি মেডিক্যাল কলেজের ক্যাডেটঃ** এসএসসি/সমমান পরীক্ষা ২০১৫/২০১৬ এবং এইচএসসি/সমমান পরীক্ষা ২০১৭/২০১৮ সনে বিজ্ঞান বিভাগে পাশ করা ছাত্র/ছাত্রীদের ন্যূনতম মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। শুধুমাত্র উপজাতীয় কোটাভূক্ত আসনের প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ হতে হবে। তবে কোন অবস্থাতেই উপজাতীয় প্রার্থীর এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান পরীক্ষায় কোন একটিতে জিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

(৩) **সকলের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ হতে হবে।**

(৪) **২০১৫ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ করা প্রার্থীরা আবেদন করতে পারবে না।**

খ। **শারীরিক যোগ্যতাঃ** প্রার্থীকে অবশ্যই নিম্নলিখিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবেঃ

(১) **এএফএমসি-এর এএমসি ক্যাডেট ক্যাটাগরীঃ**

		পুরুষ	**মহিলা**
উচ্চতা (ন্যূনতম)	ঃ	১.৬৩ মিঃ (৫ ফুট ৪ ইঞ্চি)	১.৫৭ মিঃ (৫ ফুট ২ ইঞ্চি)
ওজন	ঃ	সশস্ত্র বাহিনীতে প্রচলিত এতদ্‌সংক্রান্ত চার্ট অনুসরণ করা হবে।	
(ন্যূনতম)		৪৫.৪৫ কেজি (১০০ পাউন্ড)	৪০.৯০ কেজি (৯০ পাউন্ড)
বুকের মাপ (ন্যূনতম)	ঃ	স্বাভাবিক-৭৬ সেঃ মিঃ (৩০ ইঞ্চি) সম্প্রসারিত - ৮১ সেঃ মিঃ (৩২ ইঞ্চি)	স্বাভাবিক-৭১ সেঃ মিঃ (২৮ ইঞ্চি) সম্প্রসারিত -৭৬ সেঃ মিঃ (৩০ ইঞ্চি)
দৃষ্টি শক্তি	ঃ	ঃ ৬/৬ {± 1.5 D (spherical); ± 1.0 D (cylindrical)}	৬/৬ {± 1.5 D (spherical); ± 1.0 D (cylindrical)}
		Colour Blindness গ্রহণযোগ্য হবে না	
শ্রবণ শক্তি	ঃ	গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকতে হবে	

(২) **এএফএমসি-এর এএফএমসি ক্যাডেট ক্যাটাগরী ও অন্যান্য ৫টি আর্মি মেডিক্যাল কলেজের ক্যাডেটঃ**

মেডিক্যাল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

গ। **ভর্তির শর্তাবলীঃ**

(১) **এএফএমসি-এর এএমসি ক্যাডেটঃ**

(ক) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

(খ) ০১ জুলাই ২০১৮ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসরের মধ্যে হতে হবে।

(গ) লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের মধ্য হতে লিখিত ভর্তি পরীক্ষা এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদেরকে মেধা অনুযায়ী আইএসএসবি'র সম্মুখীন হতে হবে।

(ঘ) আইএসএসবি উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত শারীরিক যোগ্যতা নিরুপণ পূর্বক মেধা ও কোটার ভিত্তিতে এএমসি ক্যাডেট হিসেবে কলেজে ভর্তি করা হবে।

(ঙ) ভর্তি ফি ও টিউশন ফি মওকুফ থাকবে। তবে তাদের কশন মানি (ফেরতযোগ্য), আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরী ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে।

(চ) এমবিবিএস কোর্স এবং ইন্টার্ণশীপ প্রশিক্ষণ সমাপনের পর সেনাবাহিনীর প্রয়োজন সাপেক্ষে নির্বাচনী প্রক্রিয়ার কার্যাদি সম্পাদনের পর আর্মি মেডিক্যাল কোরে যোগদান করতে বাধ্য থাকবে।

(ছ) ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকগণকে কলেজ কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে এবং এমবিবিএস কোর্স ও ইন্টার্ণশীপ সমাপনের পর সেনাবাহিনীর প্রয়োজন সাপেক্ষে আর্মি মেডিক্যাল কোরে যোগদান করতে অনিচ্ছুক হলে তাকে নির্ধারিত অংকের ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

(জ) কোন ক্যাডেট শিক্ষা কার্যক্রমের পেশাগত পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে ৩ বার অকৃতকার্য (রেফার্ডপ্রাপ্ত) হলে এএফএমসি ক্যাডেট হিসেবে গণ্য করা হবে এবং ভর্তির তারিখ হতে প্রাপ্ত সকল সুবিধাদি ফেরত প্রদান করতে হবে।

(২) **এএফএমসি-এর এএফএমসি ক্যাডেট ক্যাটাগরী ও অন্যান্য ৫টি আর্মি মেডিক্যাল কলেজের ক্যাডেটঃ**

(ক) প্রার্থীদেরকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

(খ) ০১ জুলাই ২০১৮ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসরের মধ্যে হতে হবে।

(গ) লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের মধ্য হতে লিখিত ভর্তি পরীক্ষা এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের মেধা অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা নিরুপণ ও সকল মূল নথি-পত্র নিরীক্ষণ পূর্বক ক্যাডেট হিসাবে নির্বাচন করা হবে।

(ঘ) নির্বাচিত প্রার্থীদেরকে আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ এবং আর্মি মেডিক্যাল কলেজসমূহের প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি, টিউশন ফি, কশন মানি (ফেরতযোগ্য), আউটফিট, মেসিং, লন্ড্রি চার্জ, লাইব্রেরী ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে (প্রসপেক্টাসে বিস্তারিত উল্লেখিত)।

(ঙ) ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকগণকে কলেজ কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে এবং এমবিবিএস কোর্সে অধ্যয়নকালীন ও ইন্টার্ণশীপ প্রশিক্ষণকালীন কেউ কলেজ হতে স্বেচ্ছায় অথবা বহিষ্কৃত হলে তাকে চুক্তি মোতাবেক নির্ধারিত অংকের ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

২। **আবেদনের পদ্ধতি ঃ**

ক। ভর্তির আবেদনপত্র **অনলাইনে ০৩ সেপ্টেম্বর ২০১৮ (১০০০ ঘটিকা) হতে ২১ সেপ্টেম্বর ২০১৮ (১৪০০ ঘটিকা)** তারিখ পর্যন্ত পাওয়া যাবে। আবেদনপত্র প্রাপ্তির ওয়েব ঠিকানা **http://afmc.teletalk.com.bd**.

খ। **ফর্ম পূরণের প্রক্রিয়াঃ**

(১) ইন্টারনেটে ওয়েব ঠিকানায় প্রথম ধাপে জাতীয় কারিকুলাম (এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান) এর জন্য ও জিসিই (ও/এ/উভয় লেভেল) এর জন্য আলাদা পথ নির্দেশ করা আছে।

(২) জাতীয় কারিকুলামে পাশ করা প্রার্থীগণের জন্য দ্বিতীয় ধাপে এসএসসি ও এইচএসসি রোল নম্বর, রেজিস্ট্রেশন নং বোর্ড ও সন টাইপ করে সাবমিট-এ ক্লিক করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রীনে আসবে। জিসিই ও/এ লেভেল-এ পাশ করা প্রার্থীগণকে Director, Medical Education, DGHS এর কাছ থেকে Equivalent Certificate ও Code সংগ্রহ করতে হবে এবং কোড নং টাইপ করে সাবমিট করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রীনে আসবে।

(৩) আবেদন পত্র পূরণের জন্য টাইপ ও অপশন নির্বাচন ছাড়া নিম্নলিখিত দুইটি নথি সংযুক্ত করতে হবে।
ছবি: সদ্য তোলা (৩০০/৩০০ পিক্সেল যা ১০০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে)।
স্বাক্ষর: ৩০০/৮০ পিক্সেল যা ৬০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে।

(৪) আবেদনপত্র পূরণ সঠিক ভাবে সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রীনে প্রার্থীর পূরণকৃত আবেদনের নমুনা আসবে (**Student's copy**) যার প্রিন্ট নেওয়া ও পিডিএফ ফাইল সংরক্ষন করা যাবে।

(৫) প্রার্থীকে আবেদন পত্র পূরণের ৪৮ ঘন্টার মধ্যে নির্দেশিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার আনুষঙ্গিক খরচ বাবদ ১,০০০/- (এক হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) টেলিটক মোবাইল সংযোগের মাধ্যমে পাঠাতে হবে। অন্যথায় আবেদন বাতিল হয়ে যাবে। তবে প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে পুনরায় আবেদন করতে পারবেন। প্রার্থীকে টাকা প্রদান প্রক্রিয়া ও ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের পছন্দের সেনানিবাস SMS এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। সেনানিবাসের কোডগুলি নিম্নরূপঃ

কোড	সেনানিবাস কেন্দ্র	সর্বোচ্চ ধারণ ক্ষমতা
১১	ঢাকা সেনানিবাস	২০,০০০ আসন
১২	চট্টগ্রাম সেনানিবাস	৫,০০০ আসন
১৩	কুমিল্লা সেনানিবাস	৫,০০০ আসন
১৪	বগুড়া সেনানিবাস	৫,০০০ আসন
১৫	রংপুর সেনানিবাস	৫,০০০ আসন
১৬	যশোহর সেনানিবাস	৫,০০০ আসন

গ।   **কেন্দ্র নির্বাচন ও ফি প্রদান প্রক্রিয়া ঃ**

(১) পরীক্ষা ফি ১,০০০/- (এক হাজার মাত্র) টাকা Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে। অন্যান্য সকল কাজ অন্য যে কোন মোবাইল থেকে করা যাবে ।

(২) পরীক্ষা ফি জমা দেওয়ার পদ্ধতি: টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপশনে গিয়ে AFMC লিখে, স্পেস দিয়ে User ID লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরণ ঃ AFMC<Space>ABCDEF (এখানে ABCDEF ফরম পূরণ করার পর পাওয়া User ID)। ফিরতি SMS-এ একটি PIN প্রার্থীকে জানানো হবে এবং ফিস হিসাবে ১০০০/= কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নলিখিত ভাবে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবেঃ

Message অপশনে গিয়ে AFMC লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে **পছন্দের ক্রমানুসারে দুইটি সেন্টার কোড** কমা (,) দিয়ে লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরন ঃ AFMC<Space><YES><Space>PIN<Space>11,12 লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। এখানে ১১ ও ১২ যথাক্রমে ঢাকা সেনানিবাস ও চট্টগ্রাম সেনানিবাস পরীক্ষা কেন্দ্র । এই SMS পাবার পর আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

৩।   **বিশেষ তথ্য ঃ**

ক। টাকা সঠিক ভাবে জমা হলে ফর্মে দেওয়া মোবাইল নম্বরে SMS-এ অবগত করা হবে। টাকা পাঠানোর শেষ সময় ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ ১৪০০ ঘটিকা পর্যন্ত।
খ। **সকল বৈধ আবেদনকারীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।** তবে আবেদন গ্রহণের ঘোষিত শেষ দিনের পূর্বে যে কোন কেন্দ্রের সর্বোচ্চ ধারণ ক্ষমতা পূর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে সেই কেন্দ্রের আবেদন গ্রহণ বন্ধ হয়ে যাবে।
গ। লিখিত ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীগণ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে **০৭ অক্টোবর ২০১৮** তারিখ সকাল ১০০০ ঘটিকা হতে পরীক্ষার পূর্ব পর্যন্ত একই ওয়েব সাইট (http://afmc.teletalk.com.bd) হতে প্রবেশ পত্র ডাউনলোড করতে পারবেন। যেখানে প্রার্থীর রোল নং, পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম ও প্রশ্নের মাধ্যম (বাংলা/ইংরেজি) উল্লেখ থাকবে। প্রবেশপত্রটি পরবর্তীতে প্রার্থীর পরিচয় পত্র হিসেবে গ্রহণযোগ্য হবে। প্রবেশপত্র হারানো গেলে পুনরায় তা একই ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে। **পরীক্ষার হলে অবশ্যই প্রবেশপত্র নিয়ে আসতে হবে।**
ঘ। আবেদনপত্র পূরণে কোন ভুল হলে প্রার্থী পূণরায় আবেদনপত্র পূরণ করতে পারবেন। সে ক্ষেত্রে প্রার্থীকে পূণরায় আবেদপত্র ফি প্রদান করতে হবে (ইতিমধ্যে ফি জমা দিয়ে থাকলে) এবং পূর্বের আবেদনপত্রটি বাতিলের জন্য কমান্ড্যান্ট, এএফএমসি বরাবর আবেদন করতে হবে (ই-মেইলের মাধ্যমেও আবেদন করা যাবে)।
ঙ। ‘ও’ এবং ‘এ’ লেভেল উত্তীর্ণ প্রার্থীদের নিজ দায়িত্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সমতা নির্ধারনী সনদপত্র অনুযায়ী GPA পূরণ করতে হবে। পরবর্তীতে নির্দেশমত সনদটির মূল কপি প্রদর্শন করতে হবে।
চ। কলেজসমূহের প্রসপেক্টাস, এফএকিউ ও বিজ্ঞপ্তি ইত্যাদি তথ্য ওয়েব ঠিকানায় (www.afmc.edu.bd) পিডিএফ হিসেবে দেওয়া আছে। আবেদনপত্র গ্রহণকালীন সময় ভর্তি সংক্রান্ত সকল তথ্যের জন্য আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাসে **অফিস চলাকালীন সময়** (রবিবার হতে বৃহস্পতিবার, সরকারী ছুটির দিন ব্যতীত, সকাল ০৯০০ ঘটিকা ১৪০০ ঘটিকা পর্যন্ত) একটি **‘তথ্য কেন্দ্র’** খোলা থাকবে এবং **০১৮৮১৭৭৬৭৭৬** মোবাইল নম্বর ও ই-মেইল (afmc.amc.admission@gmail.com)-এর মাধ্যমে এ সংক্রান্ত যোগাযোগ করা যাবে।

৪।   **লিখিত পরীক্ষা**

ক। ভর্তির লিখিত পরীক্ষা ঢাকা সেনানিবাস সহ মোট ৬টি সেনানিবাসে আগামী **১২ অক্টোবর ২০১৮ তারিখ শুক্রবার বিকাল ১৫৩০ হতে ১৬৩০ ঘটিকায়** অনুষ্ঠিত হবে। প্রার্থীকে প্রবেশ পত্রে উল্লেখিত সেনানিবাসে নির্দিষ্ট কেন্দ্রে (যা তিনি আবেদনের সময় পছন্দ করেছেন) অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

খ। লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিদ্যা = ৩০, রসায়নবিদ্যা = ৩০, জীববিদ্যা = ৩০, ইংরেজী = ০৫, সাধারন জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি) = ০৫ (সিলেবাস ঃ এইচএসসি/সমমান)।

গ। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে নূন্যতম ৪০ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গণ্য হবেন। শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভূক্ত করা হবে।

৫।   **প্রার্থী মূল্যায়ন পদ্ধতি**

ক। এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের নিম্নলিখিত ভাবে মূল্যায়ন করা হবে ঃ

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুন	= ৭৫ নম্বর (সর্বোচ্চ)	মোট ৩০০ নম্বর
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুন	= ১২৫ নম্বর (সর্বোচ্চ)	
MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা	= ১০০ নম্বর	

খ। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে এবং পূর্ববর্তী বৎসরের সরকারী মেডিক্যাল বা ডেন্টাল কলেজ/ইউনিট এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে ৭.৫ (সাত দশমিক পাঁচ) নম্বর কর্তন করে মেধা তালিকায় অন্তর্ভূক্ত করা হবে।

৬। **লিখিত পরীক্ষার ফলাফলঃ ১৮ অক্টোবর ২০১৮** তারিখ এএফএমসি এর এবং ০১ নভেম্বর ২০১৮ তারিখ সকল আর্মি মেডিক্যাল কলেজসমূহের ওয়েব সাইট (**www.afmc.edu.bd**), কলেজসমূহের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং ফর্মে দেওয়া প্রার্থীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে অবগত করা হবে।

৭। **আইএসএসবি (শুধুমাত্র এএফএমসি-এর এএমসি ক্যাডেট প্রার্থীগনের জন্য)ঃ** প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণদের নির্দিষ্ট দিনে আইএসএসবি-এর সম্মুখীন হতে হবে।

৮। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে এবং উত্তরপত্র OMR/OCR মেশিনে মূল্যায়ন করা হবে ।

৮। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কমান্ড্যান্ট

আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ

ঢাকা সেনানিবাস